দৈনিক খবর

তারিখ ...21 JUL 1988 ...
পৃষ্ঠা ... 9 কলাম 1 ...

007

# কিণ্ডারগার্টেন ও বেসরকারী স্কুলের পাঠ্যসূচী ও বই অনুমোদিত হতে হবে

গতকাল বুধবার তথ্য বিবরণী'র খবরে বলা হয়, ১৯৮৯ শিক্ষাবছর থেকে সরকারের অনুমোদন ব্যতীত কোন পাঠ্যসূচী ও বই কিণ্ডারগার্টেন ও বেসরকারী স্কুলসমূহের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা যাবে না।

দেশের সকল কিণ্ডারগার্টেন ও বেসরকারী স্কুলকে তাদের পাঠ্যসূচী ও বইসমূহ সরকারের অনুমোদনের জন্য আগামী ৩০শে সেপ্টেম্বর, ১৯৮৮ ইং মোতাবেক ১৫ই আশ্বিন, ১৩৯৫ বাংলা তারিখের মধ্যে জাতীয় শিক্ষাক্রম ও

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## কিণ্ডারগার্টেন ও বেসরকারী

প্রথম পৃষ্ঠার পর

টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান (টেক্সট বুক ভবন, ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা)-এর নিকট, তাঁর নেতৃত্বে এ বিষয়ে গঠিত একটি বিশেষ কমিটির নিকট দাখিল করতে বলা হয়েছে।

উল্লেখ্য, বর্তমানে দেশের সকল সরকারী ও সরকার স্বীকৃত এবং সাহায্যপ্রাপ্ত স্কুলসমূহ সাধারণতঃ জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক অনুমোদিত বই তাদের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত রাখে। কিন্তু কিণ্ডারগার্টেন ও বেসরকারী স্কুলসমূহ অনেক সময় এমন সব বই তাদের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করে, যা জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক অনুমোদিতও নয় এবং যা ছাত্র-ছাত্রীদের দেশ ও পরিবেশ সম্পর্কে ভুল ধারণা দিতে পারে। তাই আগামী শিক্ষাবছর অর্থাৎ ১৯৮৯ ইং সালে কিণ্ডারগার্টেন ও বেসরকারী স্কুলসমূহ যেসব পাঠ্যসূচী এবং বই তাদের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করতে চায়, তা তাদেরকে অবশ্যই সরকার কর্তৃক অনুমোদন করাতে হবে।